

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৭৯

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفتَن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

القصيل الاول

আরবী

عَن حُذَيْفَة قَالَ: قَامَ فِينَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَقَامًا مَا تَرَكَ شَيْئًا يَكُونُ فِي مَقَامه إِلَى قِيَامِ السَّاعَةِ إِلَّا حَدَّثَ بِهِ حَفِظَهُ مَنْ حَفِظَهُ وَنَسِيَهُ مَنْ نَسِيَهُ قَدْ عَلِمَهُ أَصْحَابِي هَوُّلَاءِ وَإِنَّهُ لَيَكُونُ مِنْهُ الشَّيْءُ قَدْ نَسِيتُهُ فَأَرَاهُ فَأَذْكُرُهُ كَمَا يَذْكُرُ الرَّجُلُ وَجْهَ الرَّجُلِ إِذَا غَابَ عَنْهُ ثُمَّ إِذَا رَآهُ عرفه. مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6604) ومسلم (23 / 2891)، (7263) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৩৭৯-[১] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) - আমাদের মাঝে দাঁড়িয়ে ভাষণ দিলেন এবং তখন থেকে কিয়ামত অবধি যা কিছু ঘটবে তার সকল কিছুই বর্ণনা করেন। তাঁর সেই ভাষণিটি যারা স্মরণে রাখতে পারে তারা স্মরণে রেখেছে, আর যারা ভুলে যাওয়ার তার ভুলে গিয়েছে। নিশ্চয় আমার বন্ধুগণ (সাহাবায়ি কিরামগণ)ও সে বিষয়ে অবগত আছেন। অবশ্য যখন কোন ঘটনা সামনে আসে, যার কথা আমি ভুলে গিয়েছি, তখন তাঁর [রাসূল (সা.) -এর] সেই দিনের ভাষণিটি আমার স্মরণে পড়ে। যেমন- উপস্থিত হলে তাকে দেখামাত্রই চেনা যায়- এই তো সেই অমুক লোক। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৬৬০৪, মুসলিম ২৩-(২৮৯১), আবূ দাউদ ৪২৪০, তিরমিয়ী ২১৯১, সহীহ আত্ তারগীব ওয়াত তারহীব ২৭৫১, মুসনাদে বায়্যার ২৮০৬, মুসনাদে আহমাদ ২৩৩২২, সহীহ ইবনু হিব্বান ৬৬৩৬, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১৫৯৪৪।



ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মুসলিম (রহিমাহুল্লাহ) আবূ ইদরীস আল খাওলানী-এর সূত্রে হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণনা করেন যে, আল্লাহর শপথ! আমার ও কিয়ামতের মধ্যবর্তী সময়ে যা কিছু সংঘটিত হবে, তা নিশ্চয় আমি অবগত আছি। রাসূলুল্লাহ (সা.) ও তাঁর পরবর্তী উম্মাতকে সতর্ক করার জন্যই এসব বিষয় বর্ণনা করেছেন। (ফাতহুল বারী, মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন